

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন
এফ-১/এ, আগারগাঁও, শের-ই-বাংলা নগর, ঢাকা।

[কাস্টমস: ক্লাসিফিকেশন এ্যান্ড এ্যাডভান্স রুলিং শাখা]

নথি নং-০৮.০১.০০০০.০৫৪.০২.০০৩.১৫/ ২০৮

তারিখ: ১০/২/২০২৫ খ্রিঃ।

কাস্টমস রুলিং (অগ্রিম) নং-৮১/২০২৪

বিষয়ঃ আমদানিভব্য **Bevel Gear** নামক পণ্যের শ্রেণীবিন্যাস বিষয়ক অগ্রিম রুলিং।

সূত্রঃ M/S Samad Machineries এর ০৬/১১/২০২৪ খ্রিঃ তারিখের দাখিলকৃত আবেদন।

M/S Samad Machineries নামক প্রতিষ্ঠান Bevel Gear নামক পণ্যের শ্রেণীবিন্যাস বিষয়ে অগ্রিম রুলিং চেয়ে জাতীয় রাজস্ব বোর্ডের অগ্রিম রুলিং ইউনিট বরাবর নির্ধারিত ফরম-এ আবেদন করেছেন।

(ক) আবেদনকারীর পরিচিতি:

আবেদনকারীর নাম	M/S Samad Machineries
আবেদনকারীর ঠিকানা	35, Modon Pul Lane, Nawabpur, Dhaka.

(খ) রুলিং সংশ্লিষ্ট পণ্যের বিবরণ:

পণ্যের জেনেরিক, বাণিজ্যিক এবং প্রচলিত নাম	Bevel Gear
যে ভৌত অবস্থায় (Form) প্রকৃতিতে আমদানি করা হবে	Solid
উৎস দেশ (কান্ট্রি অব অরিজিন)	China
আমদানিকারক কর্তৃক প্রস্তাবিত শ্রেণীবিন্যাস	8483.40.00

২। আবেদনকারীর ঘোষণা অনুযায়ী আমদানি পণ্যের বিবরণ:

Bevel Gear নামীয় পণ্য Gear Box এর Parts হিসাবে ব্যবহারের জন্য আমদানি করা হবে।

৩। বর্ণিত পণ্যের সঠিক শ্রেণীবিন্যাস এবং শ্রেণীবিন্যাসের পক্ষে যুক্তিঃ

আমদানিকারক M/S Samad Machineries কর্তৃক Bevel Gear ঘোষণায় পণ্য আমদানির লক্ষ্যে অগ্রিম রুলিং এর আবেদন করা হয়েছে। পণ্যটির এইচ এস কোড প্রস্তাব করা হয়েছে 8483.40.00। BCT ও Explanatory Notes পর্যালোচনা করে দেখা যায়, আমদানিভব্য পণ্য-

(ক) যদি মেশিনে ব্যবহার হয় তাহলে এইচ এস কোড 8483.40.00

(খ) যদি স্প্রিং-হইলার ভেহিকেল বা বাই-সাইকেল পার্টস হিসেবে ব্যবহার হয় তাহলে এইচ এস কোড 8714.96.90

(গ) যদি মটর ভেহিকেল এর পার্টস হিসেবে ব্যবহার হয় তাহলে এইচ এস কোড 8708.40.00

আমদানিকারকের আবেদনের সাথে সংযুক্ত Brochure এবং নমুনা পর্যালোচনারে দেখা যায়, পণ্যটি Tricycle এর Parts হিসাবে ব্যবহৃত হবে।

Explanatory Notes এর Volume-5 এর পৃষ্ঠা XVII-8711-1 তে হেডিং 87.11 এ উল্লেখ রয়েছে- Three-wheeled vehicles (eg, the "delivery tricycle" type) are also classified here provided they do not have the characteristics of motor vehicles of heading 87.03 or heading 87.04 (see the Explanatory Notes to headings 87.03 and 87.04).

Explanatory Notes এর Volume-5 এর পৃষ্ঠা XVII-8714-1 তে হেডিং 87.14 এ উল্লেখ রয়েছে- Parts and accessories of vehicles of headings 87.11 to 87.13.

(3) Gearing, gear boxes, clutches and other transmission equipment, and parts thereof, for motorcycles.

(7) Crank-gear and parts thereof (crank-wheels, cranks, axles, etc.), pedals and parts thereof (axles, etc.); toe-clips.

বর্ণিত অবস্থায়, BCT এবং Explanatory Notes এর আলোকে আমদানিতব্য Bevel Gear নামীয় পণ্যটি Tricycle এর Parts হিসাবে ব্যবহৃত হওয়ায় H.S Code 8714.96.90 তে শ্রেণিবিন্যাসিত হবে। কাস্টমস রুলিং (অগ্রিম) বিধিমালা, ২০১৬ এর বিধি ৯ মোতাবেক এই অগ্রিম রুলিং জারি করা হলো।

৪। অগ্রিম রুলিং এর কার্যকারিতা:

এই অগ্রিম রুলিং জারি হওয়ার তারিখ হতে ১৮ (আঠার) মাস পর্যন্ত কার্যকর থাকবে।

৫। আবেদনকারীর জন্য গুরুত্বপূর্ণ তথ্য:

(ক) এই অগ্রিম রুলিং এর কার্যকারিতা থাকাকালীন তৎকর্তৃক আমদানি তব্য পণ্যের জন্য বাংলাদেশের সকল কাস্টমস স্টেশনে ব্যবহার করতে পারবে।

(খ) এই অগ্রিম রুলিং এ সংশ্লিষ্ট হলে রুলিং প্রাপ্তির তারিখ হতে ৬০ (ষাট) কার্যদিবসের মধ্যে তা রিভিউ এর জন্য অগ্রিম রুলিং ইউনিট বরাবরে লিখিতভাবে আবেদন করতে পারবে। রিভিউ আবেদনে উক্তরূপ আবেদনের যৌক্তিকতা সবিস্তারে উল্লেখ করতে হবে।

স্বাক্ষরিত/০২.০২.২০২৫

(হোসেন আহমদ)

সদস্য (কাস্টমস: নীতি ও আইসিটি)

ও

সভাপতি, অগ্রিম রুলিং ইউনিট

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

কমিশনার অব কাস্টমস

কাস্টম হাউস, চট্টগ্রাম/ ঢাকা/ বেনাপোল/ আইসিডি (কমলাপুর)/ মোংলা/ পানগাঁও।

নথি নং-০৮.০১.০০০০.০৫৪.০২.০০৩.১৫/ ২০০

তারিখ: ১০২/২০২৫ খ্রিঃ।

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১-১৬। কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (উত্তর)/ (দক্ষিণ)/ (পূর্ব) / (পশ্চিম)/ চট্টগ্রাম/ রাজশাহী/ সিলেট/ কুমিল্লা/ খুলনা/ যশোর/ রংপুর/ বৃহৎ করদাতা ইউনিট (মুসক)/ (আপীল) ঢাকা-১/ (আপীল) ঢাকা-২/ (আপীল) চট্টগ্রাম/ (আপীল) খুলনা।
- ১৭-২০। মহাপরিচালক, কাস্টমস গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, ঢাকা/ শুল্ক রেয়াত ও প্রত্যর্পণ পরিদপ্তর, ঢাকা/ নিরীক্ষা, গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, মূল্য সংযোজন কর, ঢাকা/ কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট ট্রেনিং একাডেমি, চট্টগ্রাম।
- ২১-২২। কমিশনার, কাস্টমস বন্দ কমিশনারেট, ঢাকা (উত্তর)/ ঢাকা (দক্ষিণ)/ চট্টগ্রাম।
- ২৩। কমিশনার, কাস্টমস মূল্যায়ন ও অভ্যন্তরীণ নিরীক্ষা কমিশনারেট, ঢাকা।
- ২৪। সিস্টেমস্ ম্যানেজার, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (ওয়েব-সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
- ২৫। প্রথম সচিব (কাস্টমস নীতি), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
- ২৬। দ্বিতীয় সচিব (কাস্টমস নীতি), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
- ২৭। ব্যবস্থাপনা পরিচালক, M/S Samad Machineries, 35, Modon Pul Lane, Nawabpur, Dhaka.

তানভীর আহমেদ -
২২/২৫

(তানভীর আহমেদ)

দ্বিতীয় সচিব

কাস্টমস: ক্লাসিফিকেশন এন্ড এ্যাডভান্স রুলিং

ও

সদস্য সচিব, অগ্রিম রুলিং ইউনিট

ই-মেইল: nbrclassification@gmail.com